অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বেলমন্ট পার্কে নতুন আইল্যান্ডার্স এরিনার "টপিং অফ" ঘোষণা করেছেন

ব্যক্তিগত অর্থায়নে 1.3 বিলিয়ন মার্কিন ডলারের ইউবিএস এরিনা নিউ ইয়র্ক আইল্যান্ডার্সদের জন্য স্থায়ী আবাসন হিসেবে কাজ করবে

এই প্রধান নির্মাণ মাইলফলক সহকারে, প্রকল্প 2021-22 জাতীয় হকি লীগ মৌসুমের আগে খোলার সময়সূচী অনুযায়ী চলছে -- COVID-19 মহামারী বিঘ্ন সত্ত্বেও

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বেলমন্ট পার্কে নিউ ইয়র্ক আইল্যান্ডার্সদের নতুন বাড়ি ইউবিএস এরিনার "টপিং অফ" ঘোষণা করেছেন। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) বোর্ডের চেয়ারম্যান স্টিভেন এম কোহেন এবং ভারপ্রাপ্ত কমিশনার এরিক গার্টলার জাতীয় হকি লীগ (National Hockey League, NHL) কমিশনার গ্যারি বেটম্যান এবং আইল্যান্ডার্সদের সহ-মালিক জন লেডেকি যোগ দান করেন নতুন এরিনার উপরে সর্বোচ্চ ইস্পাতের বিম স্থাপন করতে, যা প্রকল্পের জন্য একটি প্রধান নির্মাণ মাইলফলক হিসাবে চিহ্নিত, যা COVID-19 মহামারী বিঘ্ন সত্ত্বেও 2021-2022 জাতীয় হকি লীগ মৌসুমের আগে খোলার সময়সূচী অনুযায়ী চলছে।

"আইল্যান্ডার্সরা লং আইল্যান্ডের দল এবং তাদের ভক্তদের মধ্যে এখানে একটি স্থায়ী বাড়ি তাদের প্রাপ্য। আজ, আমরা একে বাস্তবে পরিণত করার জন্য আরেকটি প্রধান পদক্ষেপ গ্রহণ করছি, যখন সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলা হচ্ছে," **গভর্নর কুওমো বলেছেন।** "নিউ ইয়র্কে, আমরা বারবার দেখিয়েছি যে প্রতিকূলতা সত্ত্বেও আমরা বড় প্রকল্প সরবরাহ করতে পারি- এবং করোনাভাইরাস মহামারী সম্পর্কিত বিলম্বের মুখে, বেলমন্ট দল এই রূপান্তরমূলক প্রকল্পকে সময়সূচী অনুযায়ী রাখার জন্য এগিয়ে এসেছে। এই এরিনা আমাদের অর্থনীতিকে চাঙ্গা করবে এবং এটা প্রমাণ -- ইস্পাত এবং কংক্রিটে- যে নিউ ইয়র্ক এই সংকট থেকে আরো ভালো ভাবে গড়ে তুলবে।"

"আজ 2021-22 মৌসুমে আইল্যান্ডার্সদের হোম ওপেনারের যাত্রার আরেকটি উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে চিহ্নিত করা হয়েছে," **NHL কমিশনার গ্যারি বেটম্যান বলেন,** "কারও- বিশেষ করে আইল্যান্ডার্সদের বিশ্বস্ত সমর্থকদের তর সইছে না যতক্ষণ না দলটি চমৎকার ইউবিএস এরিনার বরফের উপর স্কেট করে। ইতোমধ্যে, আমরা আইল্যান্ডার্সদের মালিক স্কট মালকিন এবং জন লেডেকি, ওক ভিউ গ্রুপ এবং গভর্নর কুওমোর স্বপ্ন দেখে বিস্মিত হয়েছি, এবং যেভাবে তারা একসাথে কাজ করেছেন সেই স্বপ্নকে বাস্তবে পরিণত করার জন্য- এমনকি এই অস্থির সময়েও সময়সূচী অনুযায়ী কার করেছেন।"

"ইউবিএস এরিনা কমিউনিটি এবং নিউ ইয়র্কের অর্থনীতির জন্য আশার আলো হিসেবে কাজ করতে পেরে গর্বিত," **আইল্যান্ডার্স সহ-স্বত্বাধিকারী জন লেডেকি বলেছেন।** "গভর্নর কুওমোর দর্শন, অসাধারণ সমর্থন এবং অদম্য অঙ্গীকার ছাড়া আজকের মাইলফলক সম্ভব ছিল না।"

বেলমন্ট পার্কের ইউবিএস এরিনা 2021-2022 মৌসুম থেকে শুরু হওয়া নিউ ইয়র্ক আইল্যান্ডার্সদের বাড়ি হবে এবং এটি 1.3 বিলিয়ন মার্কিন ডলারের বেলমন্ট পার্ক পুনঃউন্নয়ন প্রকল্পের কেন্দ্রবিন্দু, যার মধ্যে রয়েছে একটি হোটেল, অফিস স্পেস এবং বিশ্বমানের রিটেইল ভিলেজ। এই প্রকল্পের সাথে মিলে, মেট্রপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) এলমন্টে একটি নতুন লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road, LIRR) স্টেশন নির্মাণ করবে - দশকের পর দশক সময়ের মধ্যে নির্মিত প্রথম নতুন, পূর্ণ কালীন LIRR স্টেশন। স্টেশনের বেশীরভাগ খরচ এরিনা ডেভেলপার দ্বারা ব্যক্তিগতভাবে অর্থায়ন করা হবে। নিউ ইয়র্কে COVID-19 চূড়ান্ত পর্যায়ে পৌঁছানোর পর এরিনার নির্মাণ কাজ দুই মাসের জন্য বিলম্বিত হয় এবং অপ্রয়োজনীয় ব্যবসা বন্ধ করে দেওয়া হয়, কিন্তু এখন সময়সূচী অনুযায়ী ফিরে এসেছে।

ESD বোর্ডের চেয়ারম্যান স্টিভেন এম. কোহেন বলেন, "বেলমন্ট প্রকল্প লং আইল্যান্ডে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে চালিত করবে এবং নিউ ইয়র্ক আইল্যান্ডার্সদের বাড়ি ডাকার জন্য একটি বিশ্বমানের সুবিধা প্রদান করবে, এবং এই গুরুত্বপূর্ণ মাইলফলকটি অসাধারণ অগ্রগতির একটি প্রমাণ। গভর্নরের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট সারা রাজ্যজুড়ে ঐতিহাসিক প্রকল্পের দিকে এগিয়ে যাচ্ছে যা কর্মসংস্থান সৃষ্টি করবে, আমাদের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাবে এবং মানুষের জীবনে পরিবর্তন আনবে।"

ESD এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "ESD বেলমন্ট পার্কে যে বিশাল অগ্রগতি হয়েছে তা নিয়ে গর্বিত এবং উত্তেজিত, যখন ইউবিএস এরিনা সম্পূর্ণ হওয়ার পথে এক ধাপ এগিয়ে যাচ্ছে। গভর্নর কুওমোর দর্শন এবং নেতৃত্বের কল্যাণে, আইল্যান্ডার্সদের নতুন বাড়ি দ্রুত বাস্তবে পরিণত হচ্ছে- যা দীর্ঘদিনের হকি ভক্তদের খুশি করবে এবং অতিরিক্ত চাকরি এবং কর রাজস্ব প্রদানের মাধ্যমে অর্থনৈতিক বৃদ্ধি প্রদান করবে যা লং আইল্যান্ডের অর্থনীতিকে উপকৃত করবে।"

"নিউ ইয়র্কের নবতম প্রিমিয়ার স্পোর্টস এবং বিনোদন ভেন্যুর সাথে নিজেদের জড়িত করতে পেরে আমরা গর্বিত," **নর্থওয়েল এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল ডাউলিং বলেন।** "গভর্নর কুওমোর নেতৃত্বের কল্যাণে, ইউবিএস এরিনা দেশের অন্যতম অত্যাধুনিক সুবিধা হতে যাচ্ছে। নিউ ইয়র্ক, এবং বিশেষ করে লং আইল্যান্ড, আমাদের হাজার হাজার রোগী এবং আমাদের কর্মীদের বাসস্থান। শুধুমাত্র ইউবিএস এরিনার কাছে আমাদের 25,000 কর্মী বসবাস করছেন, তাই এই অংশীদারিত্ব আমাদের সম্প্রদায়ের সেবা করার প্রতি আমাদের অঙ্গীকারকে শক্তিশালী করার সুযোগ করে দেয় এবং আমরা ইউবিএস এরিনা এবং নিউ ইয়র্ক আইল্যান্ডার্সদের সাথে ভবিষ্যৎ স্বাস্থ্য ও সুস্থতা প্রোগ্রামিং উন্নয়নের জন্য উদগ্রীব।"

2017 সালের ডিসেম্বর মাসে প্রথম ঘোষণা করা বেলমন্ট পুনঃউন্নয়ন প্রকল্প বেলমন্ট পার্কের 43 একর অব্যবহৃত পার্কিং লটকে একটি প্রধান ক্রীড়া ও আতিথেয়তা গন্তব্যে রূপান্তরিত করছে। এরিনা, রিটেইল ভিলেজ এবং হোটেল নির্মাণ 10,000 কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে 2.7 বিলিয়ন মার্কিন ডলার আয় করবে বলে ধারণা করা হচ্ছে। সম্পূর্ণ হলে এই প্রকল্পের মাধ্যমে 3,200টি নতুন পূর্ণকালীন চাকুরি টিকিয়ে রাখা, বার্ষিক অর্থনৈতিক কার্যকলাপে ৪৫৪ মিলিয়ন মার্কিন ডলার উৎপাদন করা এবং নতুন বার্ষিক কর রাজস্বে লক্ষ্য লক্ষ্য মার্কিন ডলার উৎপাদন করবে বলে আশা করা হচ্ছে।

গভর্নর কুওমো পদে আসীন হবার পর যে লক্ষ্য লক্ষ্য ডলার লং আইল্যান্ডে বিনিয়োগ করা হয়েছে বেলমন্ট রিডেভেলপমেন্ট তার সম্পুরকের কাজ করেছে - অঞ্চলটির বিশ্বমানের শিক্ষাগত এবং গবেষণামূলক প্রতিষ্ঠানগুলিকে সমর্থন করে, ডাউটাউনগুলিকে পুনরুজ্জিবীত করে, কৃষি, নির্মাণ এবং জীব বিজ্ঞানের বিভাগগুলিকে উন্নত করে, পরিকাঠামোকে উন্নত করে এবং অঞ্চলের পর্যটন শিল্পে বিনিয়োগ করে।

বৃহত্তম নিউ ইয়র্ক এর বিল্ডিং ও কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades Council of Greater NY) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "আজ বেলমন্ট পার্ককে বিশ্বমানের আতিথ্য ও স্পোর্টস ফ্যাসিলিটিতে রূপান্তরিত করার একটি বড় পদক্ষেপ। ইউনিয়ন বিল্ডিং ট্রেড সদস্যদের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে এই ঘোষণা সম্ভব হয়েছে, যারা বিশ্বব্যাপী মহামারী সত্ত্বেও প্রতিদিন এই কাজ সম্পন্ন করতে আসে। প্রকল্পটিতে গভর্নরের নেতৃত্ব এবং দূরদৃষ্টির জন্য আমি তাকে সাধুবাদ জানাই। নিউ ইয়র্ক আগের চেয়ে শক্তিশালী হয়ে ফিরে আসবে কারণ গভর্নর কুওমো বুঝতে পেরেছেন যে বৃহৎ আকারের অবকাঠামো প্রকল্প আগামী কয়েক দশক ধরে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে চালিত করে।"

NSBCTC এর প্রেসিডেন্ট ম্যাটি আরাচিচ বলেছেন, "বেলমন্ট পার্ক নিউ আইল্যান্ডার্স এরিনা টপিং অফ এই প্রধান প্রকল্পের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক এবং গভর্নর কুওমোর আগের চেয়ে ভালো ভাবে গড়ে তোলার প্রতিশ্রুতির প্রতিনিধিত্ব করে। COVID-19 অভূতপূর্ব চ্যালেঞ্জের সৃষ্টি করেছে, কিন্তু কোন কিছুই বিল্ডিং এবং নির্মাণ বাণিজ্যের পরিশ্রমী ব্যবসায়ী নারী, পুরুষকে থামাতে পারে নি যারা এই গুরুত্বপূর্ণ অবকাঠামো সঠিক সময়ে সম্পূর্ণ করতে চায়। গভর্নর কুওমোর অসাধারণ নেতৃত্বের কল্যাণে, বেলমন্টের অত্যাধুনিক সুবিধা নিউ ইয়র্কবাসীদের ভাল বেতনের চাকরি প্রদান করবে, স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে এবং এই অঞ্চলের প্রবৃদ্ধির একটি উজ্জ্বল প্রতীক হিসেবে কাজ করবে। নাসাউ এবং সাফোক কাউন্টির বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল বেলমন্ট পার্ক এরিনায় উন্নয়ন দলের সাথে অংশীদারিত্ব করতে অত্যন্ত গর্বিত।"

সেনেটর টড কামিনস্কি বলেন, "বেলমন্ট পার্ক আমাদের সম্প্রদায়ের জন্য একটি প্রধান গেম চেঞ্জার হওয়ার সম্ভাবনা আছে এবং এর উন্নয়নে এই রোমাঞ্চকর অগ্রগতি দেখে আমি গর্বিত। আমি এই এরিনার আইল্যান্ডার্সদের বাড়িতে নিয়ে আসার জন্য এবং নাসাউ কাউন্টির জন্য একটি অর্থনৈতিক ইঞ্জিন হওয়ার জন্য উদগ্রীব।"

সিনেটর অ্যানা এম. কাপলান বলেন, "যখন নিউ ইয়র্ক COVID মহামারী থেকে সুস্থ হয়ে উঠছে, তখন বেলমন্টে আইল্যান্ডার্সদের নতুন বাড়ির উত্থান নিউ ইয়র্কবাসীরা যে বড় কিছু অর্জন করতে পারে তা স্মরণ করিয়ে দেয় যখন আমরা একটি সাধারণ উদ্দেশ্যের দিকে একত্রিত হতে পারি, এমনকি চ্যালেঞ্জিং সময়েও। আইল্যান্ডার্সরা আমার জেলায় ফিরে আসায় আমি গর্বিত, এবং আমি গভর্নর কুওমো এবং সকল শ্রমিকদের প্রতি কৃতজ্ঞ যাদের স্বপ্ন এবং প্রচেষ্টা এটা বাস্তবায়ন করছে।"

সিনেটর লিরয় কমরি বলেন, "লং আইল্যান্ডে হকির অভিজ্ঞতা অত্যাধুনিক ইউবিএস এরিনার সাথে এক নতুন পর্যায়ে উন্নীত হতে যাচ্ছে। বেলমন্ট পার্কের এই নতুন আকর্ষণ আইল্যান্ডার্সদের মূল ভক্তকূলে শক্তি এবং উত্তেজনা নিয়ে আসবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্লাইড ভানেল বলেন, "এই নতুন মাঠ হকির কিংবদন্তীদের পরবর্তী প্রজন্মের জন্য বাড়ি হবে, নতুন এবং পুরাতন সমর্থকদের সমানভাবে আকর্ষণ করবে, এবং এই অঞ্চল জুড়ে নতুন বিনিয়োগ এবং অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করবে। আজকের মাইলফলক আইল্যান্ডার্সদের ঘরে ফিরিয়ে আনার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, এবং আমি এই প্রকল্পের অগ্রগতি দেখে উত্তেজিত। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই লং আইল্যান্ড এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রতি তার অঙ্গীকারের জন্য এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে সাহায্য করার জন্য।"

নাসাউ কাউন্টি-এর এক্সিকিউটিভ লরা কুরান বলেন, "আজ আমরা আমাদের নিউ ইয়র্ক আইল্যান্ডার্সদের জন্য একটি নতুন বাড়ি তৈরি করছি, যা নাসাউ-এর জন্য আরেকটি মাইলফলক হিসেবে চিহ্নিত। এই প্রকল্প নাসাউকে একটি বিশ্বমানের এরিনা এনে দিয়েছে যা হাজার হাজার কর্মসংস্থান এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে বিলিয়ন বিলিয়ন ডলার আয় সৃষ্টি করবে, এবং প্রায় 50 বছরের মধ্যে প্রথম পূর্ণকালীন লং আইল্যান্ড রেল রোড স্টেশন তৈরি করবে। না-এর রাজ্যকে বিদায় জানান- আমরা আবার বেড়ে উঠছি, আমরা আবার গড়ে তুলছি, আর আইল্যান্ডার্সদের চিরতরে বাড়ি ফিরে আসছে। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই তার নেতৃত্ব এবং এই প্রকল্পের বাস্তবায়নের জন্য, সেই সাথে সমগ্র আইল্যান্ডার্সদের সংগঠনকেও ধন্যবাদ জানাই।"

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন